

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৯, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৯ জুন, ২০১২/৫ আষাঢ়, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৯ জুন, ২০১২/৫ আষাঢ়, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১২ সনের ২১ নং আইন

**International Crimes (Tribunals) Act, 1973 এর অধিকতর
সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন International Crimes (Tribunals) (Amendment) Act, 2012 নামে অভিহিত হইবে।

(২) ইহা ২৮ চৈত্র, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১১ এপ্রিল, ২০১২ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৮৯৬৭৩)

মূল্য : টাকা ৪.০০

২। **Act No. XIX of 1973** এ নূতন **section 11A** এর সন্নিবেশ।—International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর section 11 এর পর নিম্নরূপ নূতন section 11A সন্নিবেশিত হইবে, যথা ঃ—

“11A. Power to transfer cases.—(1) At any stage of a case, a Tribunal may, on its own motion or on the application of the Chief Prosecutor, by an order in writing, transfer the case to another Tribunal, whenever it considers such transfer to be just, expedient and convenient for the proper dispensation of justice and expeditious disposal of such cases.

(2) Where a case has been transferred under sub-section (1), the Tribunal which thereafter tries such case shall, subject to the provisions of this Act, proceed from the stage at which it was so transferred.”।

৩। **রহিতকরণ ও হেফাজত**।—(১) International Crimes (Tribunals) (Amendment) Ordinance, 2012 (২০১২ সনের ৪ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, রহিত অধ্যাদেশের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ মাহফুজুর রহমান
ভারপ্রাপ্ত সচিব।